



ফেব্রুয়ারি ২০১৯ সংখ্যা

সমবায় বাত্তা

সমবায় অধিদপ্তরের প্রকাশনা



‘বাংলাদেশ আমার স্বপ্ন, ধ্যান,
ধারণা ও আরাধনার ধন।
আর সে সোনার বাংলা ঘূমিয়ে
আছে চির অবহেলিত গ্রামের
আনাচে কানাচে, চির উপেক্ষিত
পল্লীর কন্দরে কন্দরে, বিস্তীর্ণ
জলভূমির আশে পাশে আর
সুবিশাল অরণ্যের গভীরে।
ভাইয়েরা আমার— আসুন
সমবায়ের যাদুস্পর্শে সুষ্ঠু গ্রাম
বাংলাকে জাগিয়ে তুলি। নব-
সৃষ্টির উন্নাদনায় আর জীবনের
জয়গানে তাকে মুখরিত করি।’

—জাতির পিতা বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান

সরকারের উন্নয়ন প্রচেষ্টায়
সমবায় সম্ভাবনাময় শক্তি
৪৭তম জাতীয় সমবায় দিবসের অনুষ্ঠানে
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

তারিখ: ২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ, ১১ অগ্রহায়ণ ১৪২৩
স্থান: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন,
সরকারের উন্নয়ন প্রচেষ্টায় সমবায় সম্ভাবনাময়
শক্তি। সমবায়ের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ।
দারিদ্রের অভিশাপ থেকে মুক্তি পেতে
সমবায় সহায়ক শক্তি হতে পারে। দেশের
উন্নয়নকে ত্বরান্বিত করার ক্ষেত্রে সমবায়

একটি পরীক্ষিত কৌশল। মাননীয় প্রধানমন্ত্রী
বলেন, আমাদের খাদ্য নিরাপত্তাকে নিশ্চিত
করার জন্য সমবায় আন্দোলনকে দেশের
কৃষিক্ষেত্রের সর্বত্র ছড়িয়ে দিতে হবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৫
নভেম্বর ২০১৮ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক

বিশেষ অবদান রাখার স্বীকৃতি হিসেবে ১০টি শ্রেণিতে প্রতি বছরের জন্য ১০ সমবায় সমিতি/সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। জাতীয় সমবায় পুরস্কার হিসেবে ১৮ ক্যারেট মানের ১০ গ্রাম ওজনের একটি স্বর্ণপদক ও একটি সনদপত্র প্রদান করা হয়।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব খন্দকার মোশাররফ হোসেন, এমপি, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মিসউর রহমান রাস্তা, এমপি বিশেষ অতিথি হিসেবে এবং বাংলাদেশ জাতীয় সমবায়

ইউনিয়ন ও বাংলাদেশ দুর্ঘ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিঞ্চিটা)-এর চেয়ারম্যান জনাব শেখ নাদির হোসেন লিপু সম্মানিত অতিথি হিসেবে অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।



বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত ‘সমবায় পণ্য মেলা’ পরিদর্শন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত ‘সমবায় পণ্য মেলা’য় সমবায় অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়ের অনলাইন অফিস ব্যবস্থাপনা কার্যক্রম পরিদর্শন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪৭তম জাতীয় সমবায় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে আয়োজিত পতাকা উত্তোলন



৪৭তম জাতীয় সমবায় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় পতাকা উত্তোলন করছেন স্থানীয় সরকার, পঞ্চী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব খন্দকার মোশাররফ হোসেন, এমপি এবং সমবায় পতাকা উত্তোলন করছেন স্থানীয় সরকার, পঞ্চী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মিসিউর রহমান রাঙ্গাঁ, এমপি। এ সময় পঞ্চী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার, সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ এবং বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের সভাপতি জনাব শেখ নাদির হোসেন লিপু উপস্থিত ছিলেন।

৪৭তম জাতীয় সমবায় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষে আয়োজিত র্যালি



পঞ্চী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদারের নেতৃত্বে আয়োজিত র্যালিতে সমবায় অধিদপ্তরের
নিবন্ধক ও মহাপরিচালক জনাব মোঃ আব্দুল মজিদ, সমবায়ীগণ এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন

৪৭তম জাতীয় সমবায় দিবস-২০১৮ সারাদেশে উদযাপন

দিবসের প্রতিপাদ্য : ‘সমবায় ভিত্তিক সমাজ গড়ি, টেকসই উন্নয়ন নিশ্চিত করি’

চট্টগ্রাম



রাঙামাটি



নোয়াখালী



ফেনী



ত্রাক্ষণবাড়িয়া

